সংবাদ

তারিখ 27 DEC 2015

পৃষ্ঠা ১৬ কলাম ৫

# রাজশাহী ক্যাডেট কলেজে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে ৪ জন আহত

প্রতিনিধি, রাজশাহী

রাজশাহী ক্যাডেট কলেজে বেলুন ফোলাতে গ্যাস ব্যবহারের সময় গ্যাসের সিলিন্ডার বিস্ফোরণ হয়ে ৪ জন আহত হয়েছেন। গতকাল সকাল সাড়ে ৮টার দিকে ক্যাডেট কলেজ প্রাঙ্গণে এ ঘটনা ঘটে। আহতদের উদ্ধার করে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহতরা হলেন রাজশাহী ক্যাডেট কলেজের সিভিল প্রশাসনের ইলেকট্রিশিয়ান ওয়াহেদুজ্জামান ও মঞ্জুর রহমান এবং রাজশাহী মহানগরীর শিরোইল কলোনির সেলিম ও রবিউল। এদের মধ্যে ওয়াহেদুজ্জামান গুরুতর আহত হয়েছেন। রামেক হাসপাতালের বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জন বিভাগের গ্যাস : পৃষ্ঠা : ২ ক : ১

## গ্যাস : সিলিন্ডার

(১৬ পৃষ্ঠার পর)

রেজিস্ট্রার ড. আরিফ জানান, চারজনের মধ্যে সেলিম ও রবিউল দুজনকে রামেক হাসপাতালের বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জন বিভাগের ২৯নং ওয়ার্ডে চিকিৎসা দেয়া হচ্ছে। বাকি দুজন ওয়াহেদুজ্জামান ও মঞ্জুর রহমানকে আইসিইউতে নেয়া হয়েছে।

চারঘাট মডেল থানার ওসি নিবারন চন্দ্র বর্মন জানান, রাজশাহী ক্যাডেট কলেজে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার অনুষ্ঠানকে ঘিরে কর্তৃপক্ষের নির্দেশক্রমে রাজশাহী থেকে সেলিম ও রুবেল নামের দুই ব্যক্তি ভ্যানযোগে গ্যাসের একটি সিলিন্ডার নিয়ে কলেজ ক্যাম্পাসে প্রবেশ করেন। এরপর কলেজের স্টাফ ইলেকট্রিশিয়ান ওয়াহেদুজ্জামান ও মঞ্জুর রহমানকে সাথে নিয়ে সেলিম ও রুবেল বেলুনে গ্যাস প্রবেশ করিয়ে প্রায় ৬০ অগ বেলুন ফুলিয়ে রাখে। এরপর আরও বেলুন ফোলানোর সময় হঠাৎ করেই গ্যাসের সিলিন্ডারটি বিস্ফোরিত হয়ে টিনের চালা উড়ে যায় এবং পাশের বিল্ডিংয়ের গ্লাস ভেঙে যায়। এতে ইলেট্রিশিয়ান ওয়াহেদুজ্জামান, মঞ্জুর, রুবেল ও সেলিম আহত হন। আহতদের তাৎক্ষণিক উদ্ধার করে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। আহতদের মধ্যে ওয়াহেদুজ্জামানের অবস্থা গুরুতর বলে জানান ওসি নিবারন চন্দ্র বর্মন।